| কারা অধিদপ্তর | |
|---|---|
| অতিঃ কা ম প | ☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন |
| কা উ ম (সঃদ) | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন |
| স কা ম প (প্রশাঃ) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| স কা ম প (অর্থ/আইঃ) | ☐ আলোচনা করুন |
| স কা ম প (উন্নঃ) | |
| স কা ম প (পরিঃ/প্রশিঃ) | |
| এস ও/পিএ | কারা মহাপরিদর্শক |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.১৬.০০৭.২০২১-৩১

তারিখ : ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

**বিষয় : বাংলা নববর্ষ-১৪৩১ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন**

সূত্র : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.১২৪.২৩.২০৪.২৪.২১৫, তারিখ : ২৭ মার্চ ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলা নববর্ষ-১৪৩১ উদযাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নাহিদ ইজাহার খান, এমপি এর সভাপতিত্বে ১৯/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর ২.৪ এবং ২.১১ ক্রমিকে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত :** আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

২৮/০৩/২০২৪
(মুহাম্মদ শহিদ উল্লাহ)
উপসচিব
ফোন : ০২-৪৭১২৪৩৩৩
ই-মেইল : admin3@ssd.gov.bd

**বিতরণ :**
১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
২. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.১৬.০০৭.২০২১-৩১

তারিখ : ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

**অনুলিপি :**
১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২. সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(মুহাম্মদ শহিদ উল্লাহ)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৫.০০১.২৩- ৬৭৯

তারিখঃ ২১ চৈত্র ১৪৩০ / ০৪ এপ্রিল ২০২৪

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রশাসন-৩ শাখা এর স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০১৪.১৬.০০৭.২০২১-৩১ তারিখঃ ২৮-০৩-২০২৪ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

১. প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা **(মেইলযোগে)**।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর **(মেইলযোগে)**।
   আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।
৩. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার **(মেইলযোগে)**।
৪. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৫. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬. প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন, উন্নয়ন ও আইন)/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কারা প্রশিক্ষন ইনস্টিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১০. গার্ড ফাইল।

০৪/০৪/২৪
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)
পক্ষে- কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

## বাংলা নববর্ষ-১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাহিদ ইজাহার খান, এমপি<br>প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৯ মার্চ ২০২৪, সকাল ১০:৩০টা |
| সভার স্থান | : | জাতীয় নাট্যশালার সেমিনার কক্ষ<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ভার্চুয়াল প্লাটফর্ম |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, পহেলা বৈশাখে বাংলা নববর্ষ পালন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। ১৪১৭ বঙ্গাব্দ থেকে নানা উৎসব আয়োজনের মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে বরণ করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব খলিল আহমদ বলেন, সার্বজনীন উৎসব 'বাংলা নববর্ষ' বাংলাদেশের সর্বস্তরের মানুষের ঐক্যের প্রতীক। ১লা বৈশাখ বাংলা নববর্ষ উদ্‌যাপনের লক্ষ্যে কর্মসূচি নির্ধারণে তিনি উপস্থিত সকলকে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ড. কামাল আবদুল নাসের চৌধুরী বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে গুরুত্বপুর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (অনুষ্ঠান) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

০২. সভায় সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপনে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে প্রণয়ন করা হয়:

<u>বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি:</u>

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ০১ বৈশাখ ১৪৩১<br>১৪ এপ্রিল ২০২৪ | বাংলা নববর্ষ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী সম্বলিত বাংলা নববর্ষের ০২ (দুই) পৃষ্ঠার বিশেষ ক্রোড়পত্র বিভিন্ন পত্রিকায় প্রকাশ করা হবে। ক্রোড়পত্রে 'মঙ্গল শোভাযাত্রা' র ইতিহাস ও 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়ে লেখা থাকবে। ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক একটি কমিটি গঠন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২.২ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন অনুষ্ঠান আবশ্যিকভাবে জাতীয় সংগীত ও এসো হে বৈশাখ গান পরিবেশনের মাধ্যমে শুরু হবে। | মন্ত্রণালয়/বিভাগ (সকল), জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.৩ | ০১ বৈশাখ ১৪৩১ | ছায়ানট রমনা বটমূলে সকালে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে (সম্ভাব্য সময় ৬.১৫ টা-৮.১৫টা)।<br>ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ প্রতি বছরের ন্যায় পহেলা বৈশাখে 'মঙ্গল শোভাযাত্রা' ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে (সম্ভাব্য সময় ৮.৩০টা)। সম্মিলিত সাংস্কৃতিক জোট র‍্যালীতে জনসমাগম বৃদ্ধির | ছায়ানট, থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, সম্মিলিত সাংস্কৃতিক জোট, ঋষিজ শিল্পী গোষ্ঠী এবং অন্যান্য সাংস্কৃতিক সংগঠন। |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করবে।<br>থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঋষিজ শিল্পীগোষ্ঠীসহ অন্যান্য সাংস্কৃতিক সংগঠনও বাংলা নববর্ষ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করবে। | |
| ২.৪ | ০১ বৈশাখ ১৪৩১ | জেলা-উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহ বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপনে আয়োজিত অনুষ্ঠানসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবে। নিরাপত্তার পাশাপাশি সর্বস্তরের জনসাধারণের অনুষ্ঠানস্থলে নির্বিঘ্নে আসার বিষয়েও দৃষ্টি রাখতে হবে। এছাড়া অগ্নি নিরাপত্তা নিশ্চিতকল্পে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রয়োজনীয় সহযোগিতা দিবে। | জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাব, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.৫ | ০১ বৈশাখ ১৪৩১ | নববর্ষের অনুষ্ঠান সকল সরকারি/ বেসরকারি টিভি, রেডিও, বাণিজ্যিক রেডিও ও কমিউনিটি রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াসমূহ কর্তৃক স্ব-উদ্যোগে বাংলা নববর্ষের উপর বিশেষ অনুষ্ঠানমালা/ সম্পাদকীয়/ নিবন্ধ ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে। প্রয়োজনে এক সপ্তাহ অথবা ১৫দিন পূর্ব থেকে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার, বেসরকারি টিভি চ্যানেল এবং প্রিন্ট মিডিয়ায় বাংলা নববর্ষের প্রচারণা শুরু করতে হবে। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা' কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage' এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্ব সহকারে প্রচার করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল), বেসরকারি বেতার (সকল)। |
| ২.৬ | ০১ বৈশাখ ১৪৩১ | প্রতিটি জেলা/উপজেলায় পহেলা বৈশাখের র‍্যালী ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে।<br>জেলা শহর ও সকল উপজেলায় বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা (বাংলা নববর্ষ, অসাম্প্রদায়িক চেতনা ও বঙ্গবন্ধু), সাংস্কৃতিক অনুষ্ঠান ও লোকজ মেলার আয়োজন করবে। জেলা প্রশাসন জেলা/উপজেলা পর্যায়ে আয়োজিত সকল অনুষ্ঠান সমন্বয় করবে। জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জেলা শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিটি জেলা/ উপজেলায় চিত্রাংকন প্রতিযোগিতাসহ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে।<br>এছাড়া উপজেলা প্রশাসন প্রতিটি ইউনিয়নে বৈশাখী শোভাযাত্রা আয়োজনসহ বাংলা নববর্ষ উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি ছাড়াও জেলা ও উপজেলা প্রশাসন স্থানীয় ঐতিহ্য অনুযায়ী অন্যান্য কর্মসূচি গ্রহণ করতে পারবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং জেলা শিল্পকলা একাডেমি (সকল)। |
| ২.৭ | ০১ বৈশাখ ১৪৩১ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও সাড়ম্বরে বাংলা নববর্ষ উদ্‌যাপন করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ২.৮ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলাদেশ শিল্পকলা একাডেমি ০২ (দুই) দিনব্যাপী বাংলা নববর্ষের অনুষ্ঠানমালা আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ২.৯ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলা একাডেমি এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাংলা একাডেমি প্রাঙ্গনে সুবিধাজনক সময়ে সাত দিনব্যাপী নববর্ষের মেলা, আলোচনা সভা ও অন্যান্য অনুষ্ঠানমালা আয়োজন করবে। মেলায় নকশী কাঁথা, জামদানি শাড়িসহ অন্যান্য হস্তশিল্প এবং বস্ত্রশিল্পের স্টল বরাদ্দের বিষয়টি নিশ্চিত করতে হবে। মেলার বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সম্ভাব্য ক্ষেত্রে বিভাগীয়/ জেলা পর্যায়ে বিসিক এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) কর্তৃক স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মেলার আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলা একাডেমি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব), জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.১০ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃক ফাউন্ডেশন প্রাঙ্গনে ঐতিহ্যবাহী বৈশাখী মেলা আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |
| ২.১১ | ০১ বৈশাখ ১৪৩১ | সকল কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানা) উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালী খাবার সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী বাঙালি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। | সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা অধিদপ্তর এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| | | কয়েদিদের তৈরি বিভিন্ন দ্রব্যাদির প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে। কারাবন্দীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও নাটক প্রদর্শনীর বিষয়ে প্রয়োজনে বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতা নেয়া যেতে পারে। | |
| ২.১২ | ০১ বৈশাখ ১৪৩১ | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানাদির আয়োজন করতে হবে। আয়োজিত অনুষ্ঠানে 'Intangible Cultural Heritage' এর বিষয়সমূহ তুলে ধরতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ২.১৩ | ০১ বৈশাখ ১৪৩১ | সকল জাদুঘর ও প্রত্নস্থান সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখাতে হবে (শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিনা টিকেটে প্রবেশের সুযোগ থাকবে)। বাংলা নববর্ষের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে বিশেষ প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবং রাঙ্গামাটি ও বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট জাদুঘর। |
| ২.১৪ | ০১ বৈশাখ ১৪৩১ | বিভিন্ন হোটেল ও ক্লাবে বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানমালা ও ঐতিহ্যবাহী বাঙালি খাবারের আয়োজন করবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |
| ২.১৫ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলা নববর্ষ উপলক্ষ্যে মাটি দিয়ে বিভিন্ন জিনিস যেমন: পুতুল, ঘর, নৌকা ইত্যাদি তৈরি, আল্পনা আঁকা এবং ঘুড়ি তৈরি প্রতিযোগিতা আয়োজন করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় জাদুঘর কবি নজরুল ইন্সটিটিউট, কপিরাইট অফিস এবং জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| | | বাংলা নববর্ষ উপলক্ষ্যে হালখাতার রেওয়াজ চালুর জন্য ব্যবসায়ীদের উৎসাহিত করা যেতে পারে। | বাণিজ্য মন্ত্রণালয় |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১৬ | ০১ বৈশাখ ১৪৩১ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/কেন্দ্র/ একাডেমিসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় অনুষ্ঠান আয়োজন করবে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, বৈসাবি অনুষ্ঠান একসাথে উদ্‌যাপন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/ কেন্দ্র/ একাডেমি। |
| ২.১৭ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে শ্যাম বেনেগাল কর্তৃক নির্মিত বঙ্গবন্ধুর বায়োপিক দেশব্যাপী বিনামূল্যে প্রদর্শনীর আয়োজন করা যেতে পারে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| ২.১৮ | ০১ বৈশাখ ১৪৩১ | জেলা/উপজেলা পর্যায়ে আয়োজিত মেলায় দেশীয় ঐতিহ্য ও লোকজ সংস্কৃতির প্রতিফলন ঘটাতে হবে। মেলায় কোনক্রমেই জুয়া বা অশ্লীল কিছু যেন স্থান না পায় সে বিষয়ে স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.১৯ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা সেবাকেন্দ্র স্থাপন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| ২.২০ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে ঢাকা ওয়াসার পক্ষ হতে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা ওয়াসা |
| ২.২১ | ০১ বৈশাখ ১৪৩১ | বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমান টয়লেট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/ অনুষ্ঠান চলাকালীন সময় সংশ্লিষ্ট এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ; জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ২.২২ | ০১ বৈশাখ ১৪৩১ | সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে বাংলা নববর্ষের গুরুত্ব সম্পর্কে সামাজিক যোগাযোগ মাধ্যমে ও বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং ইসলামী ফাউন্ডেশন। |

৩.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাহিদ ইজাহার খান এমপি ২৫.৩.২০২৪

প্রতিমন্ত্রী

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.২০৪.২৪. ২১৮ তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

১. ড. কামাল আবদুল নাসের চৌধুরী, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
২. জনাব আসাদুজ্জামান নূর, মাননীয় সংসদ সদস্য ও মাননীয় সভাপতি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা;
৩. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৫. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা;
৯. সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
১৮. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৯. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২০. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৩. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৪. মহাপরিচালক, র‍্যাব, উত্তরা, ঢাকা;
২৫. কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা;
২৬. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
২৭. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৮. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), মেয়র আনিসুল হক সড়ক, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা;
২৯. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩০. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩১. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা- ১২১১;
৩২. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
৩৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা;
৩৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা;
৩৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা;
৩৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা;
৩৮. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফুলবাড়ীয়া, ঢাকা;
৩৯. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা;
৪০. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
৪১. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৪২. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৪৩. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা;

৪৪. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
৪৫. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা;
৪৬. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা;
৪৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, কাওরান বাজার, ঢাকা;
৪৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, রমনা, ঢাকা;
৪৯. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫০. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
৫১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা;
৫২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০;
৫৩. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা;
৫৪. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
৫৫. জেলা প্রশাসক (সকল);
৫৬. পুলিশ সুপার (সকল);
৫৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫৮. ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫৯. চেয়ারম্যান, নাট্যকলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬০. চেয়ারম্যান, সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬১. সভাপতি, ছায়ানট, ছায়ানট সংস্কৃতি-ভবন, বাড়ী নং-৭২, সড়ক-১৫এ, ধানমন্ডি আ/এ, ঢাকা;
৬২. সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, বাসা-৭৮, ফ্ল্যাট-এ/৪, সড়ক-৯/এ, ধানমণ্ডি আ/এ, ঢাকা;
৬৩. সভাপতি, ঋষিজ শিল্পীগোষ্ঠী, ২৫৯, ব্লক-বি, খিলগাঁও চৌধুরীপাড়া, ঢাকা;
৬৪. সভাপতি, বুলবুল ললিতকলা একাডেমি, ৭ ওয়াইজঘাট, ঢাকা;
৬৫. অধ্যক্ষ ও চেয়ারম্যান, সুরের ধারা, মিতালী এপার্টমেন্ট, ৫/বি, ২/৭, ব্লক-২, লালমাটিয়া, ঢাকা;
৬৬. সভাপতি, ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউট, বাসা-মাতৃছায়া, ২০/২, সেন্ট্রাল রোড, হাতিরপুল, ঢাকা;
৬৭. সভাপতি, বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাসা-১২/এফ, এপার্টমেন্ট-ডি/২, রোড-১২৬, গুলশান-১, ঢাকা-১২১২;
৬৮. সাধারণ সম্পাদক, বাংলাদেশ আবৃত্তি সমন্বয় পরিষদ, ছাত্র শিক্ষক কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬৯. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
৭০. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
৭১. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
৭২. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
৭৩. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
৭৪. উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী;
৭৫. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):</u>

১. মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টার সদয় অবগতির জন্য);
২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতির একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতির সদয় অবগতির জন্য);
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৪. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. অফিস কপি।

২৭/০৬/২০২৪

আইরীন ফারজানা
উপসচিব
ফোন: ৫৫১০০৬৬৮
ই-মেইল: event.section@moca.gov.bd

D:\My Docoment (D)\Admin letter\Admin Letter (Nikosh).docx 241